

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি বিশ্ববিদ্যালয়-১ (অধিশাখা-১৮)
www.shed.gov.bd

নং-শিম/শা:১৮/২রা:বি:-২/২০১০/৩৬৮


তারিখ: ০৬ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২০ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রফেসর ড. মো: শহীদুল্লাহকে কানাডার ক্যালগেরি বিশ্ববিদ্যালয়ে গবেষণার জন্য আগামী ১০/১/২০১৮ হতে ০৯/১/২০১৯ তারিখ পর্যন্ত ১ (এক) বছর স্যাবাটিক্যাল ছুটি মঞ্জুরসহ নিম্নবর্ণিত শর্তে কানাডা গমন ও অবস্থানের অনুমতি প্রদান করতে সরকার সম্মত হয়েছে :

- (ক) এ ভ্রমণের যাবতীয় ব্যয় তিনি ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকার বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) ছুটি শেষ হওয়ার সাথে সাথে তিনি দেশে ফিরে কাজে যোগদান করবেন এবং মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- (গ) স্যাবাটিক্যাল ছুটির সহিত অধ্যয়ন, অসাধারণ, অর্জিত, চিকিৎসা বা অন্য কোন ছুটির সাথে সংযুক্ত করা যাবে না;
- (ঘ) তাঁর অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমে কোন বিঘ্ন সৃষ্টি হবে না, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ-কে তা নিশ্চিত করতে হবে;
- (ঙ) বিশ্ববিদ্যালয় হতে তাঁর ছুটির সুপারিশ করায় এ বিষয়ে সার্বিক দায়দায়িত্ব বিশ্ববিদ্যালয়ের উপর বর্তাবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২০/১১/১৭
(শাহনাজ সামাদ)
উপসচিব
ফোন : ৯৫৭২১৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৪. প্রফেসর ড. মো: শহীদুল্লাহ, ইংরেজি বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৫. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
৬. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
৭. উপ-পরিচালক, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৮. রেজিষ্ট্রার, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।
৯. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(অফিস আদেশটি শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)